শ্রাবণের গগনের গায়   বিদ্যুৎ চমকিয়া যায় ।
ক্ষণে ক্ষণে শর্বরী শিহরিয়া উঠে,   হায় ॥
তেমনি তোমার বাণী   মর্মতলে যায় হানি   সঙ্গোপনে,
ধৈরজ যায় যে টুটে,   হায় ॥
যেমন বরষাধারায়   অরণ্য আপনা হারায়   বারে বারে
ঘন রস-আবরণে
তেমনি তোমার স্মৃতি   ঢেকে ফেলে মোর গীতি
নিবিড় ধারে   আনন্দ-বরিষণে,   হায় ॥

---

Parjaay: Prakriti / Borsha, Taal: Tritaal, Raag: Megh-Malhar
Visit www.geetabitan.com for notation and other detail